শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# পার্বতীপুর উপজেলা পরিষদের জুলাই, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | | |
|---|---|---|---|
| সভাপতিঃ মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক | | স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন |
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | তারিখ | : ১৪/০৭/২০২২ খ্রি. |
| পার্বতীপুর, দিনাজপুর | | সময় | : সকাল ১০.০০ ঘটিকা |
| | | উপস্থিতি | : পরিশিষ্ট-"ক" |

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর'কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ

উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর গত ০৯/০৬/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের জুন, ২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনযোগ্য বিষয়াদি আলোচনা করেন এবং ১৭টি উপ-কমিটির কার্যবিবরণী সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক) আইন-শৃঙ্খলা সংক্রান্তঃ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পার্বতীপুরের নিকট থেকে উপ-কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, (১) অফিস বন্ধের দিনগুলোতে উপজেলা পরিষদ চত্বরে বহিরাগত মানুষের উপস্থিতি লক্ষ্য করা যায়, তাই উপজেলা পরিষদ চত্বরে নিরাপত্তা জোরদার করা প্রয়োজন; (২) উপজেলা পরিষদের অদূরে অবস্থিত বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, পার্বতীপুর ডিপো'র সামনের সড়কে প্রায়শই যানজট সৃষ্টি হয় বিধায় তা নিরসন করা প্রয়োজন। (৩) উপজেলা আনসার ও ভিডিপি অফিসের সাথে কোন সংযোগ পথ (সড়ক) না থাকায় একটি সংযোগ সড়ক নির্মাণ করা প্রয়োজন। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার/ অফিসার-ইন-চার্জ, পার্বতীপুর মডেল থানা/ রেলওয়ে থানা/ সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান, পার্বতীপুর, দিনাজপুর |
| খ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে।<br>(i) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, পার্বতীপুর উপজেলা পরিষদের নিম্নবর্ণিত অবকাঠামোগুলো দীর্ঘদিন যাবৎ মেরামত না হওয়ায় ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। উক্ত মেরামত ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত করার জন্য ইতোপূর্বে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর'কে বলা হলে তিনি মেরামত ব্যয়ের প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় দাখিল করেছেন; যার বিবরণ নিম্নরূপ: | (i) সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্ববর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়ন করা অতীব জনগুরুত্বপূর্ণ বিবেচনায় ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ভবন মেরামত উপখাতে বরাদ্দ প্রদানের নিমিত্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর<br>৩। উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর |

| ক্র:নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১। | পার্বতীপুর উপজেলা পরিষদের নন-গেজেটেড 'টাংগন' আবাসিক ভবন মেরামত | ৮,০০,০০০/- |
| ০২। | পার্বতীপুর উপজেলা পরিষদের গেজেটেড 'ইছামতি' আবাসিক ভবন মেরামত | ৯,০০,০০০/- |
| ০৩। | পার্বতীপুর উপজেলা পরিষদ চেয়ারম্যানের আবাসিক ভবন মেরামত | ৫,০০,০০০/- |
| ০৪। | পার্বতীপুর উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত | ৮,০০,০০০/- |
| ০৫। | পার্বতীপুর উপজেলা পরিষদের নন-গেজেটেড 'পুনর্ভবা' আবাসিক ভবন মেরামত | ৯,০০,০০০/- |
| ০৬। | পার্বতীপুর উপজেলা পরিষদের নন-গেজেটেড 'করতোয়া' আবাসিক ভবন মেরামত | ৭,০০,০০০/- |
| ০৭। | পার্বতীপুর উপজেলা পরিষদের নন-গেজেটেড 'আত্রাই' আবাসিক ভবন মেরামত | ৮,০০,০০০/- |
| ০৮। | পার্বতীপুর উপজেলা পরিষদ চত্বরে পুকুরের ঘাটলা মেরামত | ৪,০০,০০০/- |
| ০৯। | পার্বতীপুর উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তা মেরামত | ৬,০০,০০০/- |
| ১০। | পার্বতীপুর উপজেলা পরিষদের অভ্যন্তরীণ ড্রেন মেরামত | ৩,০০,০০০/- |
| ১১। | পার্বতীপুর উপজেলা পরিষদের হলরুম মেরামত | ৫,০০,০০০/- |
| | মোট= | ৭২,০০,০০০/- |

<table>
<tr>
<td></td>
<td>(ii) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, পার্বতীপুর উপজেলা পরিষদের গেজেটেড কর্মকর্তাদের বাসভবন সংকুলান না হওয়ায় ০১ টি ০৪ (চার) তলা বিশিষ্ট গেজেটেড কোয়ার্টার নির্মাণ ও কর্মচারীদের বসবাসের জন্য ডরমেটরি না থাকায় ০১টি ০৪ (চার) তলা বিশিষ্ট ডরমেটরি নির্মাণ করা অতীব প্রয়োজন, উক্ত কাজের প্রাক্কলন প্রস্তুত করার জন্য ইতোপূর্বে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর'কে বলা হলে তিনি প্রকল্প ০২ টি'র ব্যয়ের প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় দাখিল করেছেন; যার বিবরণ নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>পার্বতীপুর উপজেলা পরিষদ চত্বরে গেজেটেড কোয়ার্টার ০৪ (চার) তলা বিশিষ্ট ০১টি ভবন নির্মাণ</td><td>১,৫০,০০,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>কর্মকর্তা/কর্মচারীগণের বাসস্থানের জন্য ০৪ (চার) তলা বিশিষ্ট ০১টি ডরমেটরি ভবন নির্মাণ</td><td>১,৩০,০০,০০০/-</td></tr>
<tr><td colspan="2">মোট=</td><td>২,৮০,০০,০০০/-</td></tr>
</table>
(iii) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি থোক বরাদ্দ) এর ০৭টি প্যাকেজ এবং রাজস্ব উন্নয়ন তহবিল হস্তান্তরিত (এডিপি) উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪টি প্যাকেজের কাজ গত ৩০/০৬/২০২২ খ্রি. তারিখের পূর্বেই সমাপ্ত হয়েছে।</td>
<td>(ii) সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্ববর্ণিত প্রকল্প ০২টি বাস্তবায়ন করা অতীব জনগুরুত্বপূর্ণ বিবেচনায় ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উপজেলা পরিষদের ভবন পুনর্নির্মাণ উপখাতে বরাদ্দ প্রদানের নিমিত্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>১। চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>পার্বতীপুর, দিনাজপুর<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর<br><br>৩। উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি<br>পার্বতীপুর, দিনাজপুর</td>
</tr>
<tr>
<td>গ) কৃষি ও সেচ সংক্রান্তঃ</td>
<td>উপজেলা কৃষি অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। (i) উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে খরিপ-২ মৌসুমে আমন আবাদের লক্ষ্যমাত্রা ২৮,৪৪৫ হেক্টর। এ পর্যন্ত ১৫০ হেক্টর অর্জিত হয়েছে। বৃষ্টিপাত কম হওয়ার কারণে তিনি সেচযন্ত্রগুলো চালু রাখার জন্য বিএমডিএ ও বিএডিসি, পার্বতীপুর ইউনিটকে অনুরোধ জানান। কৃষকদের সম্পূরক সেচ প্রদানের মাধ্যমে ধান লাগানোর পরামর্শ প্রদান কাজ চলমান রয়েছে। গত জুন/২০২২ মাসে ০৬ টি ধান কাটার যন্ত্র-কম্বাইন হারভেস্টার বিতরণ করা হয়েছে।<br>(ii) উপজেলা কৃষি অফিসার সভায় আরও জানান যে, কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রোপা আমন ও গ্রীষ্মকালীন পেঁয়াজ, ফসলের বীজ ও সার বিনামূল্যে কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। এর মধ্যে রোপা আমন-৭৯০ জন এবং গ্রীষ্মকালীন পেঁয়াজ-১১০ জন কৃষককে প্রণোদনা কর্মসূচির আওতায় বিনামূল্যে প্রদান করা হয়। কৃষকগণ যেন এসব ফসল আবাদ করেন সে বিষয়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করছেন। ভোজ্যতেলের চাহিদা পূরণে সরিষা ফসলের আবাদ বৃদ্ধির নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে কৃষকদেরকে সরিষা চাষের জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে। সরিষা আবাদের উপযুক্ত সময় কার্তিক মাসের মাঝামাঝি হওয়ায় স্বল্প জীবনকাল সম্পন্ন ধান রোপণ করতে হবে। এজন্য কৃষকদের ব্রিধান-৭৫, ব্রিধান-৮৭, ব্রিধান-৯০, বিনাধান-১৬, বিনাধান-১৭ ও হাইব্রিড জাতের ধান চাষ করার পরামর্শ প্রদান করা হচ্ছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা কৃষি অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর</td>
</tr>
<tr>
<td>ঘ) প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্তঃ</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, (১) আগামী ১৭ জুলাই/২০২২ ঈদুল আযহা এবং গ্রীষ্মকালীন ছুটি শেষ হবে এবং বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম শুরু হবে। বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে শিক্ষার্থীদের শিখন ঘাটতি দূর করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছে।<br>(২) সভায় তিনি আরও জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট/২০২২ এর ইউনিয়ন এবং উপজেলা পর্যায়ের খেলা জুলাই, ২০২২ মাসের মধ্যে শুরু হবে। টুর্নামেন্ট সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যান ও উপজেলা পরিষদের সার্বিক সহায়তা কামনা করেন।</td>
<td>(১) সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষার্থীদের শিখন ঘাটতি দূরীকরণে শিক্ষকগণের কার্যক্রম তদারকি করতে উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণকে অনুরোধ করা হলো।<br>(২) সভায় বিস্তারিত আলোচনান্তে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট, ২০২২ জুলাই, ২০২২ মাসের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো।</td>
<td>১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। সকল ইউপি চেয়ারম্যান,<br>পার্বতীপুর, দিনাজপুর</td>
</tr>
</table>

CamScanner

<table>
<tr>
<td>মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্তঃ</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অর্ধবার্ষিক পরীক্ষা সফলভাবে সমাপ্ত হয়েছে। ৬ষ্ঠ শ্রেণি হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত জানুয়ারি/২২ থেকে জুন/২২ মেয়াদে ১ম কিস্তির সমন্বিত উপবৃত্তির টাকা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে শিক্ষার্থীরা উত্তোলন করছে। জাতীয় শিক্ষা সপ্তাহের কার্যক্রম শেষ হয়েছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর</td>
</tr>
<tr>
<td>চ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্তঃ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>i) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাস কোভিড-১৯ রোগীর সংখ্যা বাড়ছে। নতুন করে ভাইরাস ছড়াতে পারে, জ্বরের রোগীর হার বাড়ছে।<br>ii) <u>পরিবার পরিকল্পনা</u>: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td>
<td>i) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো।<br>ii) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td>
<td>১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,<br>পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,<br>পার্বতীপুর, দিনাজপুর</td>
</tr>
<tr>
<td>ছ) যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্তঃ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে।<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, (১) অফিসে বিভিন্ন কাজের জন্য আসা সেবা গ্রহীতাগণের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় অফিসের স্বাভাবিক কার্যক্রমে বেশ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। অফিসে অধিক সংখ্যক সেবা প্রত্যাশী যুবদের আসা যাওয়ার কারণে অনেককে বসতে দেয়ার ব্যবস্থা করা যাচ্ছে না। এছাড়াও অফিসের কক্ষ কম হওয়ায় আলমিরাসহ অন্যান্য আসবাবপত্র রাখায় বেশ সমস্যা হচ্ছে। উপজেলা পরিষদের নতুন ভবন তৈরি প্রায় শেষ পর্যায়ে, পরিষদের বর্তমান অফিস নতুন ভবনে স্থানান্তর হলে পুরাতন ভবনের একটি ফ্লোরে উপজেলা যুব উন্নয়ন অফিস এর অফিস কক্ষ বরাদ্দ দেয়া হলে আর কোন সমসা থাকবে না।<br>(২) সভায় তিনি আরও জানান যে, পার্বতীপুর উপজেলায় ঋণ বিতরণ আদায়সহ সার্বিক যুব কার্যক্রম এখনও সন্তোষজনক পর্যায়ে রয়েছে। ঋণ খেলাপি, কিস্তি খেলাপি আদায়ের ব্যাপারে জোর তৎপরতা অব্যাহত রয়েছে।<br>i) উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, জুন/২০২২ মাসের বিভাগীয় কার্যক্রম নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণী</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>মূল ঋণ তহবিল প্রাপ্ত</td><td>৪০,৩৮,৮০০/-</td></tr>
<tr><td>০২</td><td>মুনাফা অর্জিত</td><td>২৪,৪০,২৮৬/-</td></tr>
<tr><td>০৩</td><td>চলতি মাসের ঋণ বিতরণ</td><td>২,৬০,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>চলতি মাসে আদায়যোগ্য</td><td>১,৪৫,১৫০/-</td></tr>
<tr><td>০৫</td><td>চলতি মাসে আদায়কৃত</td><td>১,৪৫,১৫০/-</td></tr>
<tr><td>০৬</td><td>চলতি অর্থবছরে ঋণ বিতরণ</td><td>১৮,৭০,০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ</td><td>২,৫৫,২০,৯০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়যোগ্য</td><td>২,০৮,৯৩,২৩০/-</td></tr>
<tr><td>০৯</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়কৃত</td><td>১,৯৩,৩৯,১০৬/-</td></tr>
<tr><td>১০</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়ের হার</td><td>৯২%</td></tr>
<tr><td>১১</td><td>চলতি মাসের প্রশিক্ষণার্থীর সংখ্যা (অপ্রাতিষ্ঠানিক)</td><td>৯০ (জন)</td></tr>
<tr><td>১২</td><td>ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণার্থীর সংখ্যা (অপ্রাতিষ্ঠানিক)</td><td>১০,২৩২ (জন)</td></tr>
<tr><td>১৩</td><td>ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণার্থীর সংখ্যা (প্রাতিষ্ঠানিক)</td><td>৫১৮ (জন)</td></tr>
<tr><td>১৪</td><td>ক্রমপুঞ্জিভূত আত্মকর্মীর সংখ্যা</td><td>৬,২২২ (জন)</td></tr>
<tr><td>১৫</td><td>তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা</td><td>৪৪ টি</td></tr>
<tr><td>১৬</td><td>নিবন্ধনকৃত/স্বীকৃত যুব সংগঠনের সংখ্যা</td><td>৪০ টি</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর</td>
</tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| জ) মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (১) গত ০৩/০৭/২০২২ খ্রি. তারিখ হতে "উপজেলা পর্যায়ে আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্প (আইজিএ)" প্রশিক্ষণ কার্যক্রম ০২টি ট্রেডে শুরু হয়েছে; (২) ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন দমন ও বাল্যবিবাহ প্রতিরোধ সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ঝ) সমাজ কল্যাণ সংক্রান্তঃ | উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, (i) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির আওতায় বর্তমানে বয়স্ক ভাতা-১৬,১১৪ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা-৯,৫৭২ জন, প্রতিবন্ধী-৫,৫৬৪ জন, প্রতিবন্ধী শিক্ষার্থী উপবৃত্তি-৮৭ জন, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা-২৫ জন, অনগ্রসর শিক্ষার্থী উপবৃত্তি-০৮ জনসহ মোট-৩১.৩৭০ জন ভাতাভোগী এবং ৬৬৮ জন এতিম, দুঃস্থ ও অসহায় শিশু ক্যাপিটেশন গ্রান্ট পায়। উক্ত কার্যক্রমগুলো সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা হচ্ছে। নীতিমালা মোতাবেক প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর প্রতিস্থাপনের নিয়ম এবং কোন ভাতাভোগী মৃত্যুবরণ করলে তার নমিনীকে অর্থ প্রদানের বিধান রয়েছে। সেক্ষেত্রে প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর মৃত ভাতাভোগীদের স্থলে প্রতিস্থাপন আবশ্যক। উল্লেখ্য জেলা ভাতা বিতরণ স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক এখন প্রতি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে বিভিন্ন ইউনিটের মৃত ভাতাভোগীদের তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে পত্র প্রেরণ করা হয়েছে। (ii) উপজেলা সমাজসেবা অফিসার সভায় আরও জানান যে. বিভিন্ন ভাতা কার্যক্রম আরো সুষ্ঠু ও স্বচ্ছভাবে সম্পাদন করা আবশ্যক; কারণ প্রায়শই বিভিন্ন অভিযোগ আসে যে, ভাতা করে দেয়ার নাম করে এক শ্রেণির অসাধু ব্যক্তি অসহায়, দুঃস্থ ও গরিব মানুষের কাছ থেকে অর্থ হাতিয়ে নিচ্ছে। বিষয়টি অত্যন্ত দুঃখজনক; কারণ সরকারের এই সেবাগুলো পেতে কোন অর্থের প্রয়োজন নেই। এই ভাতা কার্যক্রমগুলোকে আরও জনবান্ধব করার উদ্দেশ্যে ব্যাপক প্রচার-প্রচারণা করা যেতে পারে। এছাড়া উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন দারিদ্র্য বিমোচনমূলক কর্মসূচি. পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস), পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি), দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম, রোগী কল্যাণ সমিতি. প্রবেশন ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে।<br>(iii) সভায় তিনি আরও জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, পার্বতীপুর কর্তৃক বাস্তবায়নাধীন বয়স্কভাতা, বিধবাভাতা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধীভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া বিভিন্ন ঋণ কার্যক্রম, রোগী কল্যাণ সমিতি, বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট প্রদান, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বয়স্কভাতা-১৬,১১৪ জন, বিধবা ও স্বামী নিগৃহীতাভাতা-৯,৫৭২ জন, প্রতিবন্ধীভাতা-৫,৫৬৪ জন, অনগ্রসর জনগোষ্ঠীভাতা-২৫ জন, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি-০৮ জন, প্রতিবন্ধী শিক্ষার্থী উপবৃত্তি-৮৭ জনের চতুর্থ কিস্তির অর্থ (এপ্রিল/২২-জুন/২২) ছাড় করা হয়েছে (প্রতিস্থাপনসহ শতভাগ)। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো।<br>(i) সভায় বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন ভাতাভোগী ইতোমধ্যে যারা মৃত্যুবরণ করেছেন এবং নমিনীর অর্থ প্রদান করা হয়েছে তাদের তালিকা দ্রুততার সাথে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং কার্যালয়ে প্রেরিত পত্র মোতাবেক প্রতি মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে চাহিত তথ্য প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।<br>(ii) সভায় বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন ভাতাভোগী বা ভাতা প্রত্যাশীগণ যেন কোন প্রকার অসাধু ব্যক্তির কবলে না পরেন সে বিষয়ে অধিক জনসচেতনতার জন্য ব্যাপক প্রচারের উদ্দেশ্যে মাইকিং করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর<br>উপজেলা সমাজসেবা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ঞ) মুক্তিযোদ্ধা সংক্রান্তঃ | উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্তঃ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে।<br>(i) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, (১) ২০২১-২২ অর্থবছরে মাঠ পর্যায়ে ৪,৩২০ টি গবাদি পশু ও ৩৭,০০০ টি হাঁস-মুরগির টিকা প্রদান, ৪৬৮ টি গাভীর কৃত্রিম প্রজনন, ১০,৪৯৬ টি গবাদি পশু ও হাঁস-মুরগির চিকিৎসা কার্যক্রম পরিচালনা করা হয়। তাছাড়া ১.০০ একর জমিতে উন্নত জাতের নেপিয়ার ঘাসের কাটিং বিতরণ করে ঘাস চাষ করানো হয়েছে।<br>(২) উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের বিভাগীয় কার্যক্রম নিম্নরূপঃ ২০২১-২০২২ অর্থবছরের মে/২০২২ মাসের সম্প্রসারণ কাজের অগ্রগতি প্রতিবেদন: (১) সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা)-ক. তরল সিমেন দ্বারা ০০টি, খ. হিমায়িত সিমেন দ্বারা-৬২১টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ-২৪৭টি, সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ-(ক) গবাদিপশু (সংখ্যা)-০০টি, (খ) হাঁস-মুরগি (সংখ্যা)-৩৭,০০০টি, গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)-১,৬৮৭, হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)-৮,৮০৯, পোষা প্রানির চিকিৎসা প্রদান (সংখ্যা)-০১, গবাদি পশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা)-১০, গবাদি পশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা)-০২, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপন (সংখ্যা)-০০, খামারী প্রশিক্ষণ প্রদান (সংখ্যা)-০০টি, মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা)-০০টি, উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা)-০৫টি, উঠান বৈঠকে অংশগ্রহণকারী (সংখ্যা)-৭০ জন, স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর)-১.০০, খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন (সংখ্যা)-১০, গবাদি পশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা)-০০টি, পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা)-০০টি, ভ্রাম্যমান আদালত মামলা (সংখ্যা)-০০টি, দুধ উৎপাদন-২,৩৭০ মেট্রিক টন, মাংস উৎপাদন-১,৩০৭ মেট্রিক টন, ডিম উৎপাদন-৩৫,০০,০০০টি।<br>(ii) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, (১) ৯নং হামিদপুর ইউনিয়নভুক্ত কয়লাখনি বিলে অত্র ইউনিয়নের চেয়ারম্যান এর উপস্থিতিতে বিল নার্সারীর পোনা অবমুক্ত করা হয়েছে; (২) ৮নং হাবড়া ইউনিয়নভূক্ত মরনাই আবাসন প্রকল্পের মরনাই বিলের নার্সারি পোনা অত্র প্রকল্পের সুবিধাভোগীদের পুকুরে অবমুক্ত করা হয়েছে; (৩) আগামী ২৩ জুলাই/২০২২ খ্রি. হতে মৎস্য সপ্তাহ, ২০২২ শুরু হবে মর্মে সকলকে অবগত করা হয়; (৪) জাতীয় মৎস্য সম্পদ রক্ষায় কারেন্ট জাল ও অন্যান্য অবৈধ মৎস্য আরোহন যন্ত্রপাতি ও জার ব্যবহারে বন্ধের জন্য তিনি সকল জনপ্রতিনিধিদের অনুরোধ করেন। | (i) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো।<br>(ii) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর<br>২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর |
| পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্তঃ | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে।<br>(i) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার উপস্থাপনযোগ্য সিদ্ধান্ত পাওয়া গেল না।<br>ii) উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ভূমিহীনদের প্রশিক্ষন দেয়ার জন্য পার্বতীপুর উপজেলায় মোট ২১টি প্রকল্প রয়েছে। তন্মধ্যে ১৪টি নিবন্ধনকৃত ও বাকি ০৭টি প্রকল্পের নিবন্ধনের বিষয়টি প্রক্রিয়াধীন। ০৬টি সমিতি গঠন করা হয় নি। কবুলিয়াতনামা হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে সমিতি গঠনে সহযোগিতার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা সমবায় অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>২। উপজেলা সমবায় অফিসার<br>ও<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>পার্বতীপুর, দিনাজপুর |
| ঙ) সংস্কৃতি সংক্রান্তঃ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>পার্বতীপুর, দিনাজপুর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৮) পরিবেশ ও বন সংক্রান্ত | উপজেলা বন কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ সভায় জানান যে, (i) ২০২১-২২ অর্থবছরে মধ্যপাড়া রেঞ্জাধীন সদর বিটে ও ভবানীপুর বিটে (১) ১৫.০০ হেক্টর ইনরিচমেন্ট বাগান, (২) ৪৫.০০ হেক্টর স্ট্যান্ড ইমপ্রুভমেন্ট বাগান, (৩) ২০.০০ হেক্টর মিশ্র স্বল্প মেয়াদী বাগানসহ মোট=৮০.০০ হেক্টর বনভূমিতে বর্নিত বাগান সৃজনের কাজ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। বর্নিত বাগানে সর্বমোট= ১,৪০,০০০ টি বনজ ও ঔষধি প্রজাতির চারা রোপন করা হয়েছে। এছাড়াও (৪) কর্তনকৃত বাগানে টি.এফ.এফ ফান্ড দ্বারা ৫৯.০০ হেক্টর বাগানে মোট=১,৪৭,৫০০ টি বনজ চারা দ্বারা বাগান সৃজনের কাজ বিভাগীয়ভাবে সম্পন্ন করা হয়েছে। পার্বতীপুর উপজেলায় ২০২১-২২ অর্থবছরে সর্বমোট ২,৮৭,৫০০ টি চারাগাছ রোপনপূর্বক বাগান সৃজনের কাজ বিভাগীয়ভাবে সম্পন্ন করা হয়েছে।<br>(ii) রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ সভায় আরও জানান যে, মধ্যপাড়া রেঞ্জাধীন ভবানীপুর বনবিটের আওতায় রামপুর মৌজায় ২০০৪-০৫, ২০০৫-০৬ ও ২০০৬-০৭ অর্থবছরে ৬.০০+৭.০০ +২০.০০ হেক্টর, মোট=৩৩.০০ হেক্টর উডলট বাগানের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় তা বিভাগীয়ভাবে টেন্ডারের মাধ্যমে বিক্রয় করা হয়। সামাজিক বনায়ন বিধিমালা, ২০০৪ মোতাবেক সংশ্লিষ্ট উপকারভোগীগণের মাঝে লভ্যাংশের অর্থ বিতরন করা আবশ্যক। বিক্রয়লব্ধ অর্থের বিভাজন : (১) ২০০৪-০৫ অর্থবছরে ২.০ হেক্টর উডলট বাগান-বিক্রয়লব্ধ অর্থ=৪,৬৪,০৪৯/-, উপকারভোগীর অংশ=২,০৭,৪৭২/-, রাজস্ব=২,০৭,৪৭২/-, টিএফএফ= ৪৬,১০৪/-; (২) ২০০৪-০৫ অর্থবছরে ৪.০০ হেক্টর উডলট বাগান-বিক্রয়লব্ধ অর্থ=১৩,৬০,১৯৪/-, উপকারভোগীর অংশ=৬,১২,০৮৭/-, রাজস্ব=৬,১২,০৮৭/-, টিএফএফ=১,৩৬,০১৯/-; (৩) ২০০৫-০৬ অর্থবছরে ৭.০ হেক্টর উডলট বাগান-বিক্রয়লব্ধ অর্থ =৩,০৭,০০০/- (৪) ২০০৬-০৭ অর্থবছরে ২০.০ হেক্টর উডলট বাগান-বিক্রয়লব্ধ অর্থ=৩৩,৯৯,৫৯২/-, উপকারভোগীর অংশ =১৫,২৯,৮১৬/-, রাজস্ব=১৫,২৯,৮১৭/-, টিএফএফ=৩,৩৯,৯৫৯/- টাকা।<br>(iii) রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ সভায় আরও জানান যে, সদরবিটের দক্ষিণ হরিরামপুর মৌজায়-১৩২.০৯ একর বনভূমির মধ্যে ১০০.০০ একর বনভূমিতে বাগান সৃজনের সিদ্ধান্ত থাকলে স্থানীয় জনগণের সহযোগিতার অভাবে ২০২১-২২ অর্থবছরে বাগান সৃজন করা সম্ভব হয়নি। স্থানীয় জনগণের সহযোগিতা পাওয়া গেলে ২০২২-২৩ অর্থবছরে বাগান সৃজন করা হবে। এছাড়া পার্বতীপুর উপজেলায় ৫৫টি করাতকলের মধ্যে মাত্র ০৭টি বৈধ লাইসেন্স আছে। অবৈধ করাতকলগুলোতে ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য তিনি সহায়তা কামনা করেন।<br>(iv) রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ সভায় আরও জানান যে, মধ্যপাড়া রেঞ্জাধীন পার্বতীপুর S.F.P.C কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরে মরা করতোয়া খালের উভয় পাড়ে সাধুর ডাঙ্গা হতে জমিরহাটের ব্রীজ পর্যন্ত ৩৬.০ (সিডলিং) কি: মি: জায়গায় ৩৬,০০০ টি চারা দ্বারা বাগান সৃজন করা হয়। বাগানটিতে সফল ও সার্থক স্ট্রীপ বাগান ছিল। চলতি অর্থবছরে পাউবো সৈয়দপুর খাল খনন প্রকল্পের নদী খনন ও প্রশস্থ করলে নদীর দুই তীর পার করে খাল খনন করেন। ড্রেজিং এর দ্বারা সমস্ত গাছসহ নদীর পাড় তুলে ফেলায় বাগানটি সম্পূর্নরূপে বিলিন হয়। এবিষয়ে পানি উন্নয়ন বোর্ডে যোগাযোগ করলে তারা গাছ দ্রুত সরে নেয়ার জন্য পত্র প্রদান করেন এবং তাদের কাজ বন্ধ না করে সমস্ত ০৩ বছর বয়সী চারা গাছ নদীর তীরের মাটির সাথে মিশিয়ে দিয়ে নদী খনন করেন। নদী শাসন আইন মোতাবেক নদী খনন কাজ করা হয়েছে এবং তাদের কিছু করণীয় নেই মর্মে পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে। কাজটি সম্পাদন প্রক্রিয়ার কারণে বাগানটি ধ্বংস হয়েছে এবং সংশ্লিষ্ট উপকারভোগীগনও তাদের প্রাপ্য থেকে বঞ্চিত হয়েছে; তাছাড়া উপকারভোগীগণের সতর্ক করার তৎপরতা পরিলক্ষিত হয়নি। তাই বাগানটিকে প্রধান বন সংরক্ষক, ঢাকা কর্তৃক অবলোপন করার জন্য তিনি সভায় উপস্থাপনসহ প্রস্তাব করেন। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | ১। সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট<br>২। উপজেলা বন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>পার্বতীপুর, দিনাজপুর |

**জার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্তঃ**

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। (i) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে খাদ্যপণ্যের মূল্য স্থিতিশীল ও সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রয়েছে। তবে তেলের মূল্য কিছুটা বৃদ্ধি পেয়েছে। অন্যান্য তরিতরকারী যেমন-আলু, পটল, ডাল ও বেগুন ইত্যাদি পণ্যের দামও পর্যালোচনা করা হয়। এপ্রিল/২০২২ মাসের খাদ্যবান্ধব খাতে চাল বিতরণ ও মে/২০২২ মাসে পৌরসভাসহ ভিজিএফ খাতে চাল বিতরণ, ভিজিডি খাতে চাল বিতরণ এবং ওএমএস খাতে ১৭/০৫/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সুষ্ঠুভাবে চাল ও আটা বিতরণ করা হয়েছে। ইতোমধ্যে বাজারে নতুন বোরো ধান ও চাল উঠতে শুরু করেছে, সরবরাহ থাকায় তাই দাম সাধারণ জনগণের ক্রয়সীমার মধ্যে রয়েছে।

ii) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় আরও জানান যে, পার্বতীপুর উপজেলায় ৪টি খাদ্য গুদামে ১৪/০৭/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত মজুদের ছক নিম্নরূপ:

বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুর'কে আহবান করা হলো।

মজুদ (মেট্রিক টন)

| গুদামের নাম | আমন ধান | আতপ চাল | বোরো চাল | মোট চাল | গম | ধান | খালি বস্তা |
|---|---|---|---|---|---|---|---|
| পার্বতীপুর | ১৩২.৭৮২ | -- | ১০১০.৩১০ | ১১৪৩.০৯২ | -- | ২৫৭৭১ | -- |
| ভবানীপুর | ১৩৭.৪৫০ | -- | ৯০৬.৫৭০ | ১০৪৪.০২০ | -- | ৩৩৮৯৬ | -- |
| মন্মথপুর | ২৭২.৯৩৭ | -- | ২১৩৯.৯৮৪ | ২৪১২.৯২১ | ০.৯৪৪ | ১৫৯২৮ | -- |
| আমবাড়ী | ১০৫১.৭৫০ | -- | ২১১২.৩৯০ | ৩১৬৪.১৪০ | -- | ৪৯৮২২ | -- |
| মোট= | ১৫৯৪.৯১৯ | -- | ৬১৬৯.২৫৪ | ৭৭৬৪.১৭৩ | ০.৯৪৪ | ১২৫৪১৭ | -- |

সংগ্রহ/২০২২ সমাপ্ত

| গুদামের নাম | লক্ষ্যমাত্রা | | | | অর্জিত পরিমাণ | | | | অবশিষ্ট পরিমাণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ধান | সিদ্ধ চাল | আতপ চাল | গম | ধান | সিদ্ধ চাল | আতপ চাল | গম | ধান | সিদ্ধ চাল | আতপ চাল | গম |
| পার্বতীপুর | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| ভবানীপুর | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| মন্মথপুর | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| আমবাড়ী | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |
| মোট= | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |

বাজার দর

| ক্র: নং | পণ্য | কেজি প্রতি দর (টাকা) | |
|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত |
| ১ | চাল (মোটা) | ৪০/- | ৪১/- |
| ২ | চাল (মাঝারী) | ৫৫/- | ৫৬/- |
| ৩ | ধান (মোটা) | ২৫/- | ২৬/- |
| ৪ | চিনি | ৭৮/- | ৮০/- |
| ৫ | গম | ৩৫/- | ৩৬/- |
| ৬ | আটা | ৩৮/- | ৪০/- |
| ৭ | লবণ | ২০/- | ৩০/- |
| ৮ | সয়াবিন | ১৯৫/- | ২০০/- |
| ৯ | সরিষা তেল | ২৭০/- | ২৮০/- |
| ১০ | আলু | ২৫/- | ৩০/- |

লক্ষ্যমাত্রা - অর্জিত পরিমাণ = অবশিষ্ট

ধান= ৩১০৬.০০-৬৩০.৭২০ = ২৪৭৫.২৮০ মেঃ টন

চাল= ৩৮৯১.০০০-২৩৯৮.৮০০ = ১৪৯২.২০০ মেঃ টন

ভিজিএফ চাল বিতরণ =৭৬৭.৬৬০ মেঃ টন

মোট গুদাম=১২টি=ধারণ ক্ষমতা ৯০০০.০০০ মেঃ টন

দায়িত্ব: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক পার্বতীপুর, দিনাজপুর

**৩) অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্তঃ**

উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি পার্বতীপুর'কে সভায় অনুরোধ করা হলো।

উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর

**৪) জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্তঃ**

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুর সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থবছরে সারাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২৬০টি তারা নলকূপের বোরিং ও পাটাতন নির্মাণ কাজ চলমান ও কমিউনিটিভিত্তিক পানি সরবরাহ ইউনিট এর সাবমার্সিবল পাম্প স্থাপনের স্থান নির্বাচন ও সহায়ক চাঁদা আদায়ের কাজ চলমান আছে। মে/২০২২ মাস পর্যন্ত পার্বতীপুর উপজেলায় স্যানিটেশন কভারেজ ৮৬.১৩% এবং পার্বতীপুর পৌরসভায় স্যানিটেশন কভারেজ ৯৬.২৭% মর্মে তিনি সভায় জানান।

বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো।

উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পার্বতীপুর, দিনাজপুর



CamScanner

| | | | |
|---|---|---|---|
| টি. আর কাবিখা, কাবিটা সংক্রান্তঃ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে পার্বতীপুর উপজেলায় টি.আর, কাবিখা, কাবিটাসহ অন্যান্য কার্যক্রমের তথ্যাদি নিম্নরূপ : | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা প্র[illegible] বাস্তবায়ন কর্মক[illegible] পার্বতীপুর, দিনাজপু[illegible] |

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রকল্পের ধরণ | প্রকল্প সংখ্যা | মোট বরাদ্দ (টাকা) (চাল/গম/নগদ অর্থ) | ব্যয়িত (টাকা) | অব্যয়িত (টাকা) | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ২০২১-২০২২ অর্থবছরে অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প | মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন | ১১ টি | ১,৪৭,৭৯,৭৯৮.০০/- | - | ১,৪৭,৭৯,৭৯৮.০০/- | ৭০% ০১ (দুই) জন বীর মুক্তিযোদ্ধার জমি সংক্রান্ত জটিলতা রয়েছে |
| | | | ৬৮ টি | ৯,৫৯,০৫,৯১৮.৮৮/- | - | ৯,৫৯,০৫,৯১৮.৮৮/- | দরপত্র প্রক্রিয়াধীন |
| ০২. | ২০২১-২০২২ অর্থবছরে ''গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ শীর্ষক প্রকল্প | এইচবিবি রাস্তা | ০৫ টি | ২,২১,২৯,০০০.০০/- | ১৭,৩১,৬০২.০০/- | ২,০৩,৯৭,৩৯৮.০০/- | ৪০% |
| ০৩. | ২০২১-২০২২ অর্থবছরে সেতু/কালভার্ট নির্মাণ | সেতু/কালভার্ট | ০২ টি | ১,৪৪,৯৫,৩৪৪.০০/- | - | ১,৪৪,৯৫,৩৪৪.০০/- | ১৭% |

| | | | |
|---|---|---|---|
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্তঃ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পার্বতীপুর শাখা সভায় জানান যে, গত জুন/২০২২ মাসে ঋণ আদায় =১,৫১,৩২,০০০/- টাকা, ঋণ বিতরণের সদস্য সংখ্যা-৪১৬ জন, ঋণ বিতরণ= ১,২৫,১৫,০০০/- টাকা, সঞ্চয় ফেরত-১১৪ জন সদস্য, সঞ্চয় ফেরত=৬,৭৭,৯২৭/- টাকা। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পার্বতীপুর শাখা'কে আহবান করা হলো। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক পার্বতীপুর, দিনাজপুর |
| দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ সংক্রান্তঃ | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর, দিনাজপুর'কে অনুরোধ করা হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর, দিনাজপুর |
| তথ্যসেবা সংক্রান্তঃ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর |
| দারিদ্র্য বিমোচন সংক্রান্তঃ | সিনিয়র উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, পার্বতীপুর সভায় অনুপস্থিত থাকায় তার উপস্থাপনযোগ্য সিদ্ধান্তসমূহ পাওয়া গেল না। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সিনিয়র উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, পার্বতীপুর, দিনাজপুর |
| চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের ভ্রমণ বিল সংক্রান্তঃ | জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ২০ দিন করে (৬২৫×২০)=১২,৫০০×৩= ৩৭,৫০০/- টাকা ও জনাব মোঃ আমিরুল মোমেনিন, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩=২২,৫০০/- টাকা এবং জনাব রুকশানা বারী রুকু, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩=২২,৫০০/- টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিলগুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ২০ দিন করে (৬২৫×২০)=১২,৫০০×৩= ৩৭,৫০০/- টাকা ও জনাব মোঃ আমিরুল মোমেনিন, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩ =২২,৫০০/- টাকা এবং জনাব রুকশানা বারী রুকু, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩=২২,৫০০/- টাকা, সর্বমোট =৮২,৫০০/- (বিরাশি হাজার পাঁচশত) টাকার ভ্রমণ ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪ঃ হল্লাদার হতে দফাদার পদে পদোন্নতি সংক্রান্তঃ | অত্র পার্বতীপুর উপজেলাধীন ০৩নং রামপুর ইউনিয়নের দফাদারের পদটি অবসরজনিত কারণে দীর্ঘদিন হতে শূন্য থাকায় উক্ত দফাদার পদে সংশ্লিষ্ট ইউনিয়নের গ্রামপুলিশগণ (মহল্লাদার) সম্মিলিতভাবে জনাব মো: আব্দুল মজিদ, মহল্লাদার, (জন্ম তারিখ-০১/০১/১৯৭৪ খ্রি., মহল্লাদার হিসেবে চাকুরিতে যোগদান-০৩/০৬/২০০১ খ্রি.), ০২ নং ওয়ার্ডকে দফাদার পদে নিয়োগ/পদায়ন করলে তাদের কোন আপত্তি নেই মর্মে লিখিত আবেদন দাখিল করেন এবং উক্ত ইউনিয়ন পরিষদের সভায় তা অনুমোদন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রত্যয়ন পত্র/সুপারিশসহ উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর বরাবরে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করেন। গ্রাম পুলিশ (মহল্লাদার) হতে দফাদার পদে পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি গত ২৯/০৬/২০২২ খ্রি. তারিখে ০৩নং রামপুর ইউনিয়নের গ্রামপুলিশদের আপত্তি নেই মর্মে লিখিত আবেদন, ইউনিয়ন পরিষদের সভার সিদ্ধান্ত এবং ইউনিয়ন চেয়ারম্যানের সুপারিশের আলোকে জনাব মো: আব্দুল মজিদ, মহল্লাদার, ০২ নং ওয়ার্ডকে ৩নং রামপুর ইউনিয়নের গ্রামপুলিশ (মহল্লাদার)'কে দফাদার হিসেবে পদোন্নতি প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | অত্র পার্বতীপুর উপজেলাধীন ০৩নং রামপুর ইউনিয়নের দফাদারের পদটি অবসরজনিত কারণে দীর্ঘদিন হতে শূন্য থাকায় উক্ত দফাদার পদে সংশ্লিষ্ট ইউনিয়নের গ্রামপুলিশগণ (মহল্লাদার) সম্মিলিতভাবে জনাব মো: আব্দুল মজিদ, মহল্লাদার, (জন্ম তারিখ-০১/০১/১৯৭৪ খ্রি., মহল্লাদার হিসেবে চাকুরিতে যোগদান-০৩/০৬/২০০১ খ্রি.), ০২ নং ওয়ার্ডকে দফাদার পদে নিয়োগ/পদায়ন করলে তাদের কোন আপত্তি নেই মর্মে লিখিত আবেদন দাখিল করেন এবং উক্ত ইউনিয়ন পরিষদের সভায় তা অনুমোদন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রত্যয়ন পত্র/সুপারিশসহ উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর বরাবরে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করেন। গ্রাম পুলিশ (মহল্লাদার) হতে দফাদার পদে পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি গত ২৯/০৬/২০২২ খ্রি. তারিখে ০৩নং রামপুর ইউনিয়নের গ্রামপুলিশদের আপত্তি নেই মর্মে লিখিত আবেদন, ইউনিয়ন পরিষদের সভার সিদ্ধান্ত এবং ইউনিয়ন চেয়ারম্যানের সুপারিশের আলোকে জনাব মো: আব্দুল মজিদ, মহল্লাদার, ০২ নং ওয়ার্ডকে ৩নং রামপুর ইউনিয়নের গ্রামপুলিশ (মহল্লাদার)'কে দফাদার হিসেবে পদোন্নতি প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়; যা পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে। | উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর |

০৩। অত:পর উপজেলা পরিষদের উপ-কমিটির নিয়মিত সভা আহবান ও সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর বরাবর প্রেরণের অনুরোধ জানিয়ে এবং আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪.০৭.২২

(মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
পার্বতীপুর, দিনাজপুর
ফোনঃ ০৫৩৩৪-৭৪৪৪৬

উপজেলা পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর

স্মারক নং-০৫.৫৫.২৭৭৭.০২৫.০১.০০১.২২-১৭(৫৫)

তারিখ : ৩০ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়] :

০১। মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫ এবং উপদেষ্টা, পার্বতীপুর উপজেলা পরিষদ, দিনাজপুর
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর
০৫। জেলা প্রশাসক, দিনাজপুর
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
০৮। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
০৯। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
১০। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, দিনাজপুর
১১। উপজেলা.............................................................. অফিসার, পার্বতীপুর, দিনাজপুর
১২। চেয়ারম্যান,..............................................................ইউ.পি, পার্বতীপুর, দিনাজপুর
১৩। জনাব.....................................................................,পার্বতীপুর, দিনাজপুর
১৪। অফিস কপি

১৪/০৭/২০২২

(মুহাম্মদ ইসমাঈল)
উপজেলা নির্বাহী অফিসার
পার্বতীপুর, দিনাজপুর

CamScanner

# পার্বতীপুর উপজেলা পরিষদের জুলাই/২০২২ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

সভার তারিখ ঃ ১৪/০৭/২০২২ খ্রি। সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা

| ক্রঃ নং | পদবী | নাম | (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫, সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, পার্বতীপুর। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, এম.পি | | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ পার্বতীপুর,দিনাজপুর। | জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক | ১৪.৭.২০২২ | ০১৭১২-১১১৭২৩ |
| ০৩ | প্রশাসক, পার্বতীপুর পৌরসভা পার্বতীপুর,দিনাজপুর। | জনাব মুহাম্মদ ইসমাঈল | 14/07/2022 | ০১৭৬১-৪৯৩৫৩১ |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আমিরুল মোমেনিন | 14.7.2022 | ০১৯৩৭-৩৯৯৭০৮ |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব রুকশানা বারী রুকু | 14/7/22 | ০১৭১৮-৬৭৫৫৭৫ |
| ০৬ | চেয়ারম্যান, ১নং বেলাইচন্ডি ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব কৃষিবিদ নুর মোহাম্মদ রাজা | 14/07/22 | ০১৭১৫-২০৫১৫০ |
| ০৭ | চেয়ারম্যান, ২নং মন্মথপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ ওয়াদুদ আলী | 14/07/22 | ০১৭১২-০৫৬৮৭০ |
| ০৮ | প্যানেল চেয়ারম্যান, ৩নং রামপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ একরামুল হক | 14/07/2022 | ০১৭১৮-৫৬০২১৮ |
| ০৯ | চেয়ারম্যান, ৪নং পলাশবাড়ী ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মোফাখখারুল ইসলাম | 14/7/22 | ০১৭১৩-৭৩৪৩৯১ |
| ১০ | চেয়ারম্যান, ৫নং চন্ডিপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মজিবর রহমান সরকার | 14/7/2022 | ০১৭১৬-৭৮৪৭৭১ |
| ১১ | চেয়ারম্যান, ৬নং মোমিনপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নজরুল ইসলাম সরকার | 14/7/22 | ০১৭১২-২২৫৪৪১ |
| ১২ | চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মতিয়ার রহমান প্রামানিক | 14/07/22 | ০১৮৪-৮৩৮৩১৭৫ |
| ১৩ | চেয়ারম্যান, ৮নং হাবড়া ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আনিসুজ্জামান সরকার | 14/07/22 | ০১৭৬১-৫৮৭৮১১ |
| ১৪ | চেয়ারম্যান, ৯নং হামিদপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব রেজওয়ানুল হক | অনু: | ০১৭৪২-৪১৯৩০০ |
| ১৫ | চেয়ারম্যান, ১০নং হরিরামপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মোজাহিদুল ইসলাম | অনু: | ০১৭৪০-৮৮৫২৭৭ |
| ১৬ | পৌরসভা ও ৩নং রামপুর ইউ,পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মালেকা জালাল | 14.7.22 | ০১৭১৮-৩৩৩৯৬০ |
| ১৭ | ১,২,৬ নং ইউ, পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মোছাঃ লিপা খাতুন | অনু: | ০১৭৮০-৮৪৪৮৮১ |
| ১৮ | ৫,৭,৮ নং ইউ, পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মোছাঃ তাছকিনা খাতুন | অনু: | ০১৭২২-২০০৯৪০ |

CamScanner

# পার্বতীপুর উপজেলা পরিষদের জুলাই/২০২২ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

সভার তারিখ ঃ ১৪/০৭/২০২২ খ্রি. সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা

| ক্রঃ নং | পদবী | নাম | (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মুহাম্মদ ইসমাঈল | | ০১৭৬১-৪৯৩৫৩১ |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ডাঃ মোঃ হামদুল্লাহ | | ০১৭০১-০০৬৯৬৩ |
| ৩. | উপজেলা কৃষি অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ রাকিবুজ্জামান | | ০১৭১২-৯৫৬২৯৭ |
| ৪. | উপজেলা প্রাণী সম্পদ অফিসার (~~ভারপ্রাপ্ত~~) পার্বতীপুর, দিনাজপুর। | ~~জনাব ডাঃ মোঃ আতিকুর রহমান~~ ডা: মো: [illegible] | | ~~০১৭৩৮-৩৪০২১৪~~ ০১৭২২৮-৬০৭৪ |
| ৫. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব আবু জাফর মোঃ সায়েম | | ০১৭১৯-০৩৮৮৩২ |
| ৬. | উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আহসান হাবীব | | ০১৭০৮-১৬১৬১৩ |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আশরাফুল হক প্রধান | | ০১৭১৭-১৩৯৮২৪ |
| ৮. | উপজেলা শিক্ষা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ক. খ. মোঃ আলাওল হাদী | | ০১৭১২-৭০২৫২৫ |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব আবু মুসা মোহাম্মদ হাসান | | ০১৭১৪-৫৫০৮৬৯ |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব তাপস রায় | | ০১৭৩১-৫২১৪৩৭ |
| ১১. | উপজেলা পঃ পঃ অফিসার (অঃ দাঃ) পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ ওবাইদুর রহমান | | ০১৭২৪-০৮০৪১৪ |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব খন্দকার শাকিনা বিনতে শরীফ | | ০১৭১৮-০১৭৩২৯ |
| ১৩. | উপজেলা সমবায় অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুর রব প্রামানিক | | ০১৭১৮-৩৩০৯২৫ |
| ১৪. | উপজেলা যুব উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আনিসুর রহমান | | ০১৭১২-৬৭০৪৮৯ |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (অঃ দাঃ), পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ শফিউল ইসলাম | | ০১৭১৫-১৭০৮১৪ |
| ১৬. | রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুল হাই | | ০১৮২৫-৫৪৪৫৩১ |
| ১৭. | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ সাইফুর রহমান | | ০১৭২৫-৭৪২৭১০ |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নাসিম হাসান | | ০১৬৪৪-৩৩২৮৪৮ |
| ১৯. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আফান আলী | | ০১৭১৫-২৮৪৮০৩ |
| ২০. | অধ্যক্ষ, পার্বতীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আহছান হাবিব | | ০১৭১৬-৫০৯৪৬২ |
| ২১. | আবাসিক প্রকৌশলী, নেসকো লিঃ পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ মকছেদুল ইসলাম | | ০১৭৫৫-৫৮৪৯০৮ |
| ২২. | ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর। | জনাব মোঃ এহতেশামুল হক | | ০১৭৬৯-৪০০১৪৩ |
| ২৩. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব বাসুদেব দে | | ০১৭৫০-১৭২৯৭২ |
| ২৪. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌঃ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নাজিম উদ্দীন সরকার | | ০১৭৩৭-১৪১১৮১ |
| ২৫. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ জিয়াবুর রহমান | | ০১৭১০-০৪৭৯০০ |
| ২৬. | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুল মতিন | | ০১৭২৩-১৬৫৩৪১ |
| ২৭. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোছাঃ আফরোজা খাতুন | | ০১৭৩৩-৮৮৯২৭৯ |
| ২৮. | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর(UDF) ইউজিডিপি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আখতার আহসান | | ০১৭২৭-৮৬০১৭১ |